



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(বাখরাবাদ গ্যাস) এর ডিস্ট্রিবিউশন চার্জ এবং ভোক্তাপর্যায়ে
প্রাকৃতিক গ্যাসের মূল্যহার আদেশ

বিইআরসি আদেশ নম্বর: ২০১৯/০৩

তারিখ: ৩০ জুন ২০১৯

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা)

১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

www.berc.org.bd

সূচীপত্র

<u>অনুচ্ছেদ</u>	<u>বিষয়াবলী</u>	<u>পৃষ্ঠা</u>
১	আবেদনের সংক্ষিপ্ত বিবরণ	১
২	আবেদন পরীক্ষা-নিরীক্ষা	৩
৩	আবেদন কমিশন কর্তৃক আনুষ্ঠানিকভাবে গ্রহণ	৩
৪	আবেদন কারিগরি মূল্যায়ন কমিটি (TEC) কর্তৃক মূল্যায়ন	৩
৫	গণশুনানি	৮
৬	গণশুনানি-পরবর্তী মতামত	১২
৭	কমিশনের পর্যালোচনা	১৪
৮	ডিস্ট্রিবিউশন চার্জ এবং মূল্যহার আদেশ	২৪
পরিশিষ্ট-‘ক’	ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার সম্পর্কিত প্রজ্ঞাপন	২৭
পরিশিষ্ট-‘খ’	প্রাকৃতিক গ্যাস মূল্যহার বন্টন	২৮



বিইআরসি আদেশ নম্বর: ২০১৯/০৩

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বাখরাবাদ গ্যাস) এর ডিস্ট্রিবিউশন চার্জ এবং ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার আদেশ

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২ (খ) এবং ৩৪ অনুসারে বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বাখরাবাদ গ্যাস) এর ডিস্ট্রিবিউশন চার্জ এবং ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার পরিবর্তনের প্রস্তাবের বিষয়ে আগ্রহী পক্ষগণকে গণশুনানি প্রদানপূর্বক বিস্তারিত পর্যালোচনান্তে অদ্য ৩০ জুন ২০১৯ তারিখে এ আদেশ দেয়া হলো।

১.০ আবেদনের সংক্ষিপ্ত বিবরণ

১.১ বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বাখরাবাদ গ্যাস) ডিস্ট্রিবিউশন চার্জ ভারিত গড়ে প্রতি ঘনমিটার ০.২৫০০ টাকা হতে ২০১৮-১৯ অর্থবছরে ০.৩৪৬৪ টাকায় নির্ধারণের জন্য তাদের ২৬ জানুয়ারি ২০১৯ তারিখের ২৮.১১.০০০০.৩০০.০১.০৫৮.১৯/২১ নম্বর স্মারকের মাধ্যমে কমিশনে আবেদন করে। পরবর্তীতে বাখরাবাদ গ্যাস ৬ মার্চ ২০১৯ তারিখের ২৮.১১.০০০০.৩০০.০১.০৫৮.১৯/২৭৯ নম্বর স্মারকের মাধ্যমে সংশোধিত আবেদন কমিশনে দাখিল করে। ডিস্ট্রিবিউশন চার্জ বৃদ্ধির উক্ত আবেদনের সপক্ষে বাখরাবাদ গ্যাস আর্থিক তারল্য, বিনিয়োগকারীদের স্বার্থরক্ষা, আয়কর দায় সংকুলান এবং নিজস্ব অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নয়ন ইত্যাদি বিষয় উল্লেখ করেছে।

১.২ আবেদনে বাখরাবাদ গ্যাস ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার ভারিত গড়ে ৬৬% এবং সংশোধিত আবেদনে ১০২.৮৫% বৃদ্ধির প্রস্তাব করেছে। ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার বৃদ্ধির উক্ত আবেদনের সপক্ষে বাখরাবাদ গ্যাস উল্লেখ করেছে যে, ক্রমহ্রাসমান দেশীয় গ্যাসের উৎপাদন এবং দেশে গ্যাসের উত্তরোত্তর চাহিদা বৃদ্ধির বিষয়টি বিবেচনা করে বিভিন্ন খাতে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের লক্ষ্যে সরকার ১৮ আগস্ট ২০১৮ তারিখ হতে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি করেছে। দৈনিক গড়ে ১,০০০ মিলিয়ন ঘনফুট এলএনজি [প্রথম পর্যায়ে Excelerate Energy Bangladesh Limited (EEBL) কর্তৃক স্থাপিত Floating Storage and Re-gasification Unit (FSRU) এর মাধ্যমে ৫০০ মিলিয়ন ঘনফুট এবং দ্বিতীয় পর্যায়ে Summit LNG Terminal Co. কর্তৃক স্থাপিত FSRU এর মাধ্যমে ৫০০ মিলিয়ন ঘনফুট] দেশীয় গড় উৎপাদন ২,৭১৬ মিলিয়ন ঘনফুট গ্যাসের সাথে মিশ্রণ করা হলে মিশ্রিত প্রতি ঘনমিটার গ্যাসের সরবরাহ ব্যয় দাঁড়ায় ১৪.৯১ টাকা।

১.৩ বাখরাবাদ গ্যাস এলএনজি আমদানি ও রি-গ্যাসিফিকেশন ব্যয় নির্বাহ, দেশীয় উৎপাদিত এবং আইওসি (International Oil Company-IOC) গ্যাসের ক্রয়মূল্য, সঞ্চালন ও তার রাজস্ব চাহিদা বিবেচনায় ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার নিম্নোক্ত সারণি-১ অনুযায়ী বৃদ্ধির প্রস্তাব করেছে:

M *১০২* *১১* *১৯*